amberIT
IoT SecureCam

# সেটআপ নির্দেশিকা

## ইনডোর ওয়াই-ফাই ক্যামেরা




এই নির্দেশিকায় বর্ণিত পদক্ষেপগুলো আপনার ব্যবহৃত ক্যামেরার মডেল বা সংস্করণের সাথে আংশিকভাবে ভিন্ন হতে পারে। প্রদত্ত নির্দেশনা অনুসরণ করার পরেও যদি সমস্যার সমাধান না হয়, অনুগ্রহ করে আমাদের টেকনিক্যাল সাপোর্ট টিম (ফোনঃ ০৯৬১১ ১২৩ ১২৩, ই-মেইলঃ support@amberit.com.bd এবং ওয়েবঃ www.amberit.com.bd ) অথবা অনুমোদিত বিক্রেতার সাথে যোগাযোগ করুন। প্রোডাক্ট আপগ্রেড বা অন্য কোন কারণে এই নির্দেশিকা কোন ঘোষণা ছাড়াই সময়ে সময়ে হালনাগাদ করা হতে পারে।

# আপনার ইনডোর ওয়াই-ফাই ক্যামেরাটি সহজেই সেটআপ করুন

## ১। প্রথম পদক্ষেপ


### যা যা প্রয়োজন





ক্যামেরা




সেটআপ নির্দেশিকা



পাওয়ার অ্যাডাপ্টার





টাইপ- C পাওয়ার কর্ড


**নিরাপত্তা সতর্কতা**

- ডিভাইস ও অ্যাপের পাসওয়ার্ড নিয়মিত পরিবর্তন করুন। সংখ্যা, অক্ষর ও বিশেষ চিহ্ন সহ পাসওয়ার্ড তৈরি করুন।
- ক্যামেরার সর্বোচ্চ সুবিধা পেতে নিয়মিত সফটওয়্যার ও ফার্মওয়্যারের সর্বশেষ ভার্সন আপডেট করুন।

## ২। ক্যামেরার পরিচিতি


এলইডি
মাইক্রোফোন
লেন্স


রিসেট
মাইক্রো এসডি
কার্ড স্লট


স্পিকার
তারযুক্ত নেটওয়ার্ক পোর্ট
টাইপ-C
পাওয়ার পোর্ট

## ৩। ক্যামেরা সেটআপ করুন

- "Amber IT IoT SecureCam" অ্যাপের সাথে কানেক্ট করুন।

  শুরু করার আগে অ্যাপ স্টোর (iOS) বা গুগল প্লে (Android) থেকে "Amber IT IoT SecureCam" অ্যাপটি ডাউনলোড ও ইন্সটল করুন।

Scan Me

GET IT ON Google Play

Scan Me

Available on the App Store


- স্মার্টফোনে ঝামেলাহীন ও ভালো মানের ভিডিওর জন্য আপনার স্মার্টফোনের নিম্নলিখিত প্রযুক্তিগত সক্ষমতা থাকা উচিত:

- iOS সিস্টেম: ভার্সন 11 বা তার উপরে।

- Android সিস্টেম: ভার্সন 5.0 বা তার উপরে।

নোট: সর্বোত্তম অভিজ্ঞতার জন্য, অ্যাপটি সর্বশেষ সংস্করণে আপডেট করে নিন।

## ৪। যেভাবে অ্যাপটি কানেক্ট করবেন





১। ক্যামেরায় পাওয়ার সাপ্লাই কানেক্ট করুন এবং ক্যামেরাটি "Beep" আওয়াজ দেওয়া পর্যন্ত কয়েক সেকেন্ড অপেক্ষা করুন।
২। নিশ্চিত করুন যে আপনার স্মার্টফোন Wi-Fi নেটওয়ার্কে কানেক্টেড এবং মোবাইল ফোনের সিস্টেমে Bluetooth চালু আছে।

## টিপস

- যদি আপনার Wi-Fi রাউটার Dual Band হয় তবে আপনাকে অবশ্যই 2.4 GHz (গিগাহার্টজ) নেটওয়ার্কে কানেক্ট করতে হবে।
- অধিকাংশ নতুন রাউটারেই 2.4 GHz (গিগাহার্টজ) এবং 5 GHz (গিগাহার্টজ) উভয় চ্যানেলই থাকে। উদাহরণস্বরূপ, SSID নির্বাচন করুন: xxxxx_2.4GHz
- যদি আপনি ভিডিও দেখতে কম্পিউটার ব্যবহার না করেন তবে নেটওয়ার্ক ক্যাবল কানেক্ট করার প্রয়োজন নেই। (এই ফিচার বর্তমানে সক্রিয় নয়।)


৩. **"Amber IT IoT SecureCam"** অ্যাপটি চালু করে এবং একটি অ্যাকাউন্ট রেজিস্ট্রেশন করুন অথবা যদি পূর্বে অ্যাকাউন্ট তৈরি করে থাকেন তাহলে লগ ইন করুন।







৪। অ্যাপে কানেক্ট করতে নিচের নির্দেশনাগুলো অনুসরণ করুন।

- Bluetooth ব্যবহার করে অ্যাপে কানেক্ট













১. "Add Device" অপশনটি ক্লিক করুন।

২. "Bluetooth Add" অপশনটি নির্বাচন করুন।

৩। পেইজের নির্দেশনাগুলো অনুসরণ করুন, নিশ্চিত করুন এবং 'Next'-এ ক্লিক করুন।









৪। ফোনের Bluetooth অন করে অ্যাপটি ডিভাইস খুঁজে পাওয়া পর্যন্ত অপেক্ষা করুন।

৫। ডিভাইসটি (Equipment) তালিকা থেকে সিলেক্ট করুন।

৬। আপনার Wi-Fi -এর নাম (SSID) ও পাসওয়ার্ড সঠিকভাবে Configure করুন।





৭. স্বয়ংক্রিয়ভাবে কানেক্ট হচ্ছে। (Connecting)





৮. ডিভাইসটি সফলভাবে কানেক্ট হয়েছে। এখন ডিভাইসটির একটি নাম দিন।


- Wi-Fi কানেক্ট করুন




১. "Add Device" -এ ক্লিক করুন।






২. "Wi-Fi Add" অপশনটি নির্বাচন করুন।




৩। পেইজের নির্দেশনাগুলো অনুসরণ করুন, নিশ্চিত করুন এবং ‘Next’ -এ ক্লিক করুন।




৪. আপনার Wi-Fi -এর নাম (SSID) ও পাসওয়ার্ড Configure করুন।

৫. স্বয়ংক্রিয়ভাবে কানেক্ট হচ্ছে। (Connecting)


৬. ডিভাইসটি সফলভাবে কানেক্ট হয়েছে। এখন ডিভাইসটির একটি নাম দিন।

নোট: যদি ক্যামেরা Add না করা যায় তাহলে রিসেট করতে ক্যামেরার রিসেট বাটন ৩-৫ সেকেন্ড ধরে চেপে ধরুন। এরপর একইভাবে নির্দেশনা অনুসারে আবার চেষ্টা করুন।

## ৫. ক্যামেরা ইনস্টলেশন



ক্যামেরাটি সরাসরি টেবিলের উপর রাখুন।




দেয়াল বা সিলিংয়ে মাউন্টিং প্লেটের সাথে দেওয়া স্ক্রু ব্যবহার করে লাগিয়ে দিন।

নোটঃ পয়েন্ট “a” এবং “b” সামঞ্জস্য করে ক্যামেরার বেজটিকে মাউন্টিং প্লেটের উপর বসান, তারপর বেজটিকে ঘুরিয়ে পয়েন্ট “a” এবং “b” একসঙ্গে মিলিয়ে দিন। এরপর ক্যামেরাটি বেজের সাথে শক্তভাবে সংযুক্ত করুন।

## ৬. নিরাপত্তা নির্দেশনা

- ক্যামেরা ব্যবহারের আগে নিশ্চিত করুন যে আপনি সঠিক পাওয়ার সোর্স ব্যবহার করছেন।
- ক্যামেরা ও মাউন্টিং প্লেটের নিরাপদ ব্যবহারের জন্য সাথে দেওয়া স্ক্রু গুলো ব্যবহার করুন।

- আগুন অথবা অতিরিক্ত বিদ্যুৎ প্রবাহের ঝুঁকি এড়াতে ক্যামেরাটি ঠান্ডা ও শুষ্ক স্থানে স্থাপন করুন।
- দয়া করে ডিভাইসটি শিশুদের হাতের নাগালের বাইরে রাখুন। ক্যামেরাটি শিশুরা ব্যবহার করতে চাইলে অবশ্যই সেটি বড়দের তত্ত্বাবধানে ব্যবহার করতে হবে।
- এই ডিভাইসের পাওয়ার অ্যাডাপ্টার ক্যাবল এবং নেটওয়ার্ক ক্যাবল অধিক গরমে গলে যাওয়ার ঝুঁকি রয়েছে। শিশুদের নিরাপত্তার জন্য এই ক্যাবলগুলো অবশ্যই তাদের নাগালের বাইরে রাখুন।

# ৭। সাধারণ জিজ্ঞাসা ও উত্তর

১. রিয়েল টাইম ভিডিও দেখতে ন্যূনতম কত ব্যান্ডউইথ প্রয়োজন?

- স্বচ্ছন্দে রিয়েল টাইম ভিডিও দেখার জন্য আপলোড ব্যান্ডউইথ কমপক্ষে 512 Kbps রাখতে হবে।
- রিয়েল টাইম ভিডিও ট্রাফিক প্রায় 2 Mbps এবং সাউন্ড চালু করলে প্রায় 0.4 Mbps প্রতি সেকেন্ডে আরও বাড়ে।

২. ক্যামেরাতে সাধারণত কোন Micro SD (TF) কার্ড সাপোর্ট করে?

- Kingston 8G/16G/32G
- SanDisk 16G/32G/64G/128G
- PNY 16G/32G/64G/128G